



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

“বিজ্ঞপ্তি”

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/২৬৭

তারিখ: ১২-০৬-২০১৯ ইং

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়ের সকল প্রতিষ্ঠান প্রধানকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জেএসসি ফাইনাল সাবমিট হওয়া শিক্ষার্থীদের প্রস্তাবিত নিবন্ধনে কোন ভুল থাকলে তা আগামী ১৫-০৬-২০১৯ খ্রি. তারিখ হতে ২৫-০৬-২০১৯ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানে ০৩(তিন) জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন (ফিস ও জরিমানা ছাড়া) করতে বলা হলো। সংশোধিত নিবন্ধনের হার্ডকপি উক্ত কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্বাক্ষরসহ তা বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। পরবর্তী প্রয়োজন হলে সকল হার্ডকপি বোর্ড কর্তৃপক্ষ দাখিল করার জন্য নির্দেশ দিতে পারে। উক্ত তারিখের পর নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুল থাকলে প্রচলিত ফিশ প্রদান করে নিবন্ধন কার্ড সংশোধন করতে হবে। উল্লেখ্য সংশোধনের সুবিধার্থে নিবন্ধন কার্ড এর নমুনা কপি যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে দেয়া আছে। নিবন্ধন কার্ড এর নমুনা কপি (Temporary Registration Card) প্রিন্ট করার নিয়মাবলী নিচে দেওয়া হলো।

- ১) Visit [www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)
- ২) Click- Student Management
- ৩) Login with Eiin and password
- ৪) Click- Student List এর ডান পার্শ্বে Edit ও Subject বাটনে Click করে সংশোধন করতে হবে।

\*আরো উল্লেখ থাকে যে, এডিট চলাকালীন নতুন কোন ফাইনাল সাবমিট করার সুযোগ থাকবে না। শুধুমাত্র পূর্বের ডাটা আপডেট করা যাবে।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ  
অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/২৬৭(৩৪০০)

তারিখ ১২-০৬-২০১৯ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ৪ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭। সংরক্ষণ নথি

(মাঃ শাহজাহান আলী)

উপ- বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৩৮